

Times Today BD

নূর আলম | দেশজুড়ে | 25 June, 2025

নেত্রকোণার কলমাকান্দা উপজেলায় নির্মাণাধীন ভবনে কাজ করার সময় বৈদ্যুতিক শকে আহত হয়ে পড়ে গিয়ে এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। নিহতের নাম মোকাদ্দাস আলী (৩৫)। তিনি কুড়িগ্রাম জেলার কচাকাটা থানার নারায়ণপুর ইউনিয়নের বাগমারা গ্রামের আব্দুল জব্বারের ছেলে।

বুধবার (২৫ জুন) দুপুরে উপজেলার খারনৈ ইউনিয়নের বিষ্ণুপুর এলাকায় মহসিনিয়া দাখিল মাদরাসার নির্মাণকাজে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, মাদরাসা ভবনের চারতলায় বিদ্যুতের সংযোগের কাজ করছিলেন মোকাদ্দাস। এ সময় হঠাৎ তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে নিচে পড়ে যান। পরে সহকর্মীরা তাকে উদ্ধার করে কলমাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

এ বিষয়ে কলমাকান্দা থানার উপপরিদর্শক (এসআই) বাবুল হাসান জানান, মরদেহের সুরতহাল শেষে ময়নাতদন্তের জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলার প্রস্তুতি চলছে।